তারিখ 13/11/80
পৃষ্ঠা 7 কলাম 6



দৈনিক বাংলা



—দৈনিক বাংলা

জামালপুরের মঠবাড়ি খাল স্বেচ্ছাশ্রমে খনন করা হচ্ছে

# খাল খননের ডাকে সাড়া

দেশব্যাপী খালখনন কর্মসূচীর দ্বিতীয় পর্যায়ের কাজ শুরু হয়েছে গত পয়লা নবেম্বর থেকে। এ কর্মসূচীর আওতায় দেশের বিভিন্ন স্থানে খালখননের কাজ এগিয়ে চলেছে বেশ জোরেশোরে।

ফরিদপুর থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন, ফরিদপুর জেলায় ১লা নবেম্বর থেকে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে মাদারীপুর, গোয়ালন্দ ও সদর মহকুমায় ৩টি খালখননের কাজ শুরু হয়েছে।

গোয়ালন্দ মহকুমার খানখানাপুর মরাপদ্মা খনন করে উজান চর রেল-লাইন পর্যন্ত খালখনন চলছে। কোতোয়ালী থানার খলিলপুরে রেললাইনের পাশ্চত্য খাদখনন করে খাল তৈরীর কাজ এগিয়ে চলেছে। রাজবাড়ী এলাকার সড়কের পার্শ্বের খালখনন করে এক মাইল দীর্ঘ খাল তৈরী করা হবে। তাছাড়া, এ জেলার আরো ২৮টি প্রকল্পের কাজ শীঘ্রই শুরু হচ্ছে।

জানা গেছে ফরিদপুর জেলায় এ বারের খালখনন কর্মসূচীতে প্রায় ১০ লক্ষ শ্রমিক অংশ গ্রহণ করবে।

**জামালপুর**

জামালপুর থেকে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, প্রতিদিন শত শত নারী-পুরুষ এখানকার মঠবাড়ী খালখনন কাজে অংশ নিচ্ছেন। সদর মহকুমার হাজীপুর-হরিপুর থেকে চাটল পর্যন্ত প্রায় তিন মাইল দীর্ঘ এ খাল খননের কাজ শুরু হয়েছে গত পয়লা নবেম্বর থেকে। প্রাক্তন যুব উন্নয়ন মন্ত্রী খোন্দকার আবদুল হামিদ ও জেলা প্রশাসক যুগ্মভাবে খননকাজের উদ্বোধন করেন।

চলতি শীত মওসুমে এ খালখনন করা হবে বলে জানা গেছে।

**বরিশাল**

বরিশাল থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন, গত ১লা নবেম্বর থেকে জেলার বিভিন্ন এলাকার খাল পুনঃখনন কর্মসূচীর কাজ শুরু হয়েছে।

সরকারী সূত্রে জানা গেছে, এবারের কর্মসূচীর আওতায় বরিশালে মোট ৩শ মাইল দীর্ঘ ৯০টি খাল পুনঃখনন করা হবে। এর মাঝে সদর দক্ষিণ মহকুমায় ৩৩টি সদর উত্তর মহকুমায় ২৩টি ভোলায় ২৩টি পটুয়াখালীতে ৬টি এবং পিরোজপুরে ৫টি খাল পুনঃখনন কাজ অন্তভূক্ত রয়েছে।

গৃহীত কর্মসূচী বাস্তবায়িত হলে ১ লাখ ১০ হাজার একর জমি সেচের আওতায় আসবে এবং কয়েক কোটি টাকার অতিরিক্ত ফসল উৎপন্ন হবে বলে আশা করা যাচ্ছে।

উল্লেখযোগ্য যে, গত বছর এ জেলায় মোট ৬০ মাইল দীর্ঘ নদী ও খাল পুনঃখনন করা হয়েছিলো





ভেড়ামারার হাশিমপুর বালিকা বিদ্যালয় ও জাতীয় ম...
সদস্যরা খাল পুনর্খনন কাজে অংশ নেয়। (নীচে)
প্রশাসক খলিলপুরে খাল খননে নেতৃত্ব দি...